



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন
৩৭/৩/এ ইক্ষ্ট্রাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।
www.ccb.gov.bd



তারিখ: ০৭ জানুয়ারি ২০২২ খ্রি:


প্রেস রিলিজ

বিগত ০৬ জানুয়ারি ২০২২ (বৃহস্পতিবার) বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন কর্তৃক আয়োজিত “ব্যবসা বাণিজ্য সুষ্ঠু প্রতিযোগিতা নিশ্চিতকরণে অংশীজনের ভূমিকা” শৈর্ষক খুলনা বিভাগীয় সেমিনার সার্কিট হাউজ, খুলনায় অনুষ্ঠিত হয়। সেমিনারে সভাপতিত করেন জনাব মোঃ ইসমাইল হোসেন এনডিসি, বিভাগীয় কমিশনার, খুলনা। সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের চেয়ারপার্সন জনাব মোঃ মফিজুল ইসলাম। এছাড়াও, সেমিনারে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ড. খঃ মহিদ উদ্দিন, বিপিএম-বার, ডিআইজি, খুলনা রেঞ্জ এবং জনাব মোঃ মাসুদুর রহমান ভুঁঝা, পুলিশ কমিশনার, খুলনা মেট্রোপলিটন পুলিশ, খুলনা। বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের বিজ্ঞ সদস্যবৃন্দ, কমিশনের কর্মকর্তাগণ ছাড়াও প্রধান নির্বাহী কর্মকর্তা, খুলনা সিটি কর্পোরেশন, খুলনা বিভাগের ১০ জেলার জেলা প্রশাসক/অতিরিক্ত জেলা প্রশাসকগণ, খুলনা বিভাগীয় ও জেলা পর্যায়ের কর্মকর্তা, জনপ্রতিনিধি, চেষ্টার প্রতিনিধি, ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়ার সাংবাদিকবৃন্দসহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ সেমিনারে উপস্থিত ছিলেন।

প্রতিযোগিতা আইন, ২০১২ এবং বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের কার্যক্রম বিষয়ক মূল প্রবন্ধ উপস্থাপনের পর আমন্ত্রিত অংশগ্রহণকারীগণ উন্মুক্ত আলোচনায় অংশগ্রহণ করেন। সেমিনারের প্রধান অতিথি বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের চেয়ারপার্সন জনাব মোঃ মফিজুল ইসলাম দেশের বিভিন্ন পণ্য ও সেবার বাজারকে প্রতিযোগিতাপূর্ণ করার মাধ্যমে অর্থনৈতিক উন্নয়ন ত্রাণিত ও টেকসইকরণে সহযোগিতা করার জন্য বিভাগীয় প্রশাসন, জেলা প্রশাসন, পুলিশ বিভাগ, স্থানীয় সরকার প্রতিনিধি, চেষ্টার প্রতিনিধি, বিশিষ্ট ব্যবসায়ী ও গণমাধ্যমকর্মী সহ সকলকে সহযোগিতা করার জন্য আহবান জানান। তিনি কমিশনের কার্যক্রমকে আরো গতিশীল করার বিষয়ে কমিশনের প্রত্যয় ব্যক্ত করেন। উদ্বোধনী অনুষ্ঠান শেষে উন্মুক্ত আলোচনা সঞ্চালন করেন কমিশনের চেয়ারপার্সন জনাব মোঃ মফিজুল ইসলাম। সেমিনারের সভাপতি বিভাগীয় কমিশনার খুলনা, বিশেষ অতিথিদ্বয় এবং আমন্ত্রিত অংশগ্রহণকারীগণ মাঠ পর্যায়ে কমিশনের সচেতনতামূলক কার্যক্রম আরো বাড়ানোর জন্য পরামর্শ প্রদান করেন এবং কমিশনকে সকল প্রকার সহযোগিতার আশ্বাস প্রদান করেন।

বিভিন্ন জেলার চেষ্টার প্রতিনিধিগণ ব্যবসা-বাণিজ্যে সুষ্ঠু প্রতিযোগিতা নিশ্চিত করার বিষয়ে তাঁদের আন্তরিক সহযোগিতার বিষয় সেমিনারে তুলে ধরেন। গণমাধ্যম কর্মীগণ বাজারে প্রতিযোগিতা বিরোধী কর্মকাণ্ডের সংবাদ সমূহ বিভিন্ন গণমাধ্যমে আরো বেশি প্রচারের জন্য আহবান জানিয়ে এক্ষেত্রে তাঁদের সার্বিক সহযোগিতার বিষয়টি পুণর্ব্যক্ত করেন।

সেমিনারে স্বাগত বক্তব্য প্রদান করেন কমিশনের বিজ্ঞ সদস্য ড. এ এফ এম মঞ্জুর কাদির এবং মূল প্রবন্ধ উপস্থাপন করেন কমিশনের বিজ্ঞ সদস্য জনাব জি. এম. সালেহ উদ্দিন।


(শেখ রুবেল)

জনসংযোগ কর্মকর্তা

ইমেইল: librarian@ccb.gov.bd